

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ

(২০২৩ইং সনের ১১২নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ৯ই এপ্রিল, ২০২৩খ্রিঃ তারিখ রোজ রবিবার হইতে ২৭শে এপ্রিল, ২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য গত ২রা এপ্রিল, ২০২৩খ্রিঃ তারিখে প্রকাশিত অবকাশকালীন বেঞ্চ সংক্রান্ত বিজ্ঞপ্তি নিম্নে আংশিক সংশোধনপূর্বক গঠন করা হইলঃ

১.

বিচারপতি মোঃ আখতারুজ্জামান


একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য অতীব জরুরী আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১খ্রিঃ তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

২.

বিচারপতি মোঃ বজলুর রহমান

একক বেঞ্চে বসিবেন এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি সহ অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা এবং যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

  
প্রধান বিচারপতি  
বাংলাদেশ  
তারিখঃ ৩রা এপ্রিল, ২০২৩ইং।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি মোঃ আখতারুজ্জামান
২. বিচারপতি মোঃ বজলুর রহমান